

💵 হজ সফরে সহজ গাইড

বিভাগ/অধ্যায়ঃ হজ

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ মোশফিকুর রহমান

কংকর নিক্ষেপের ক্ষেত্রে প্রচলিত ভুলক্রটি ও বিদ'আত

- কংকর নিক্ষেপের জন্য গোসল বা অযু করা।
- কংকর নিক্ষেপের আগে কংকর ধুয়ে নেওয়া।
- একসাথে ২/৩টি বা ৭টি কংকর একত্রে নিক্ষেপ করা।
- তাকবীরের স্থলে সুবহানাল্লাহ বা অন্য কোনো যিকির করা। তাকবীরের সাথে কোনো কিছু যোগ করে বলা।
- অনেকের ধারণা তারা আসল শয়তানের গায়ে কংকর নিক্ষেপ করছেন, এজন্য তারা খুব রাগাম্বিত হয়ে ওই জামরাহগুলোকে অপমান ও গালাগালি করেন।
- জামরাতে বড় কংকর অথবা স্যান্ডেল বা কাঠের খন্ড নিক্ষেপ-এ ধরনের কাজ করা বাড়াবাড়ি, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এমন কাজ করতে নিষেধ করেছেন।
- কংকর কাছ থেকে মারার জন্য ঠেলাঠেলি বা ধাক্কাধাক্কি করা।
- কংকর নিক্ষেপের জন্য নির্দিষ্ট পন্থা: অনেকের বক্তব্য: ডানহাতের বৃদ্ধাঙ্গুলি তর্জনির কেন্দ্রের ওপর রেখে (চিমটি করে লবণ নেওয়ার মতো করে) এবং কংকরটি তার বৃদ্ধাঙ্গুলির পিছনের দিকে রেখে নিক্ষেপ করতে হবে।
- আবার অনেকে বলেন: তর্জনী বাঁকা করে বৃত্তের মতো বানিয়ে বৃদ্ধাগুলির জোড়া-সন্ধিতে লাগিয়ে দিতে হবে, দেখতে অনেকটা ১০-এর মতো হবে।
- কংকর নিক্ষেপের জন্য দাঁড়ানোর স্থান নির্ধারণ করা অথবা জামরাহ ও ব্যক্তির মাঝে অন্তত পাঁচ হাত দূরত্ব থাকতে হবে এমন ধারণা পোষণ করা।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=6547

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন